**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 21-02-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যে আজ যথাযথ মর্যাদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করা হয়।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৪শে ফেব্রুয়ারী দেশের ৯ কোটি ৭০ লক্ষ কৃষককে কৃষক সম্মান নিধির ১৯তম কিস্তিতে ২২ হাজার কোটি টাকা প্রদান করবেন।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে ভারত বিশ্বব্যাপী শক্তিধর হিসেবে আবির্ভূত হচ্ছে, তাই দেশের প্রতিটি ক্ষেত্রেই উদ্যমী নেতাদের প্রয়োজন ।**

**(৪) নতুন তিন ফৌজদারী আইনে রাজ্যে এখন পর্যন্ত ১৮৫৮টি মামলা আদালতে পাঠানো হয়েছে ।**

**************************************

**International Mother Tongue Day :**

রাজ্যে আজ যথাযথ মর্যাদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করা হয়। কৃষিমন্ত্রী রতনলাল নাথ আগরতলা টাউনহলে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনের রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি বলেন, মা, মাতৃভাষা ও মাতৃভূমি হচ্ছে পরম শ্রদ্ধার বিষয়। এগুলোকে ভুলে গিয়ে কোনও জাতি উন্নতি করতে পারবে না। শিশু তার মায়ের কাছ থেকেই প্রথমে মাতৃভাষা শিখে। মাতৃভাষার মাধ্যমেই মানুষ তার মনের ভাবকে সহজ সরলভাবে প্রকাশ করতে পারে। তাই আজ সবাইকে নিজের মাতৃভাষাকে সমৃদ্ধ করে অন্য ভাষাকেও সমৃদ্ধ করার শপথ নিতে হবে। কৃষিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও মাতৃভাষাকে গুরুত্ব দিয়ে নতুন

জাতীয় শিক্ষানীতি প্রবর্তন করেছেন। রাজ্য সরকারও রাজ্যের সব ভাষাকে সমান গুরুত্ব দিয়ে তা রক্ষা করার প্রচেষ্টা নিয়েছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন পুর নিগমের মেয়র দীপক মজুমদার, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ড. অরুণোদয় সাহা, মধ্যশিক্ষা ও বুনিয়াদি শিক্ষা অধিকারের অধিকর্তা এন সি শর্মা। রাজ্যভিত্তিক এই অনুষ্ঠানে রাজ্যের বিভিন্ন ভাষাভাষী গোষ্ঠীর প্রতিনিধিগণ তাদের নিজস্ব ঐতিহ্যময় পোশাকে সজ্জিত হয়ে নিজ নিজ মাতৃভাষায় নিজেদের কৃষ্টি ও সংস্কৃতির প্রদর্শন করেন। উল্লেখ্য, এ বছর বিশ্বব্যাপী আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের ২৫তম বর্ষ পালন করা হচ্ছে।

O.B.C কল্যাণ দপ্তরের মন্ত্রী শান্তনা চাকমা আজ ঊনকোটি জেলার কুমারঘাটে তথ্য সংস্কৃতি দপ্তর আয়োজিত মাতৃভাষা দিবসের উদ্বোধন করেন। তিনি বলেন, রাজ্য সরকার সব জনগোষ্ঠির ভাষা-সংস্কৃতির সার্বিক বিকাশে কাজ করে চলেছে। নিজের ভাষাকে ভালোবাসতে ও অপরের মাতৃভাষাকে সম্মান দেবার কথা বলেন তিনি। বক্তব্য রাখেন, বিধায়ক ভগবান চন্দ্র দাস, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ প্রমুখ।

তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ সিপাহীজলা জেলার বিশালগড়, জম্পুইজলা ও সোনামুড়াতে নানা কর্মসূচির মধ্য দিয়ে মাতৃভাষা দিবস উদযাপন করা হয়। সোনামুড়া নগর পঞ্চায়েতের সহায়তায় মহকুমা তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে মহকুমা ভিত্তিক এই অনুষ্ঠানটি হয় স্থানীয় বীর মেমোরিয়াল পার্কে। উপস্থিত ছিলেন সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী, ভাইস-চেয়ারপার্সন শাহজাহান মিয়া প্রমুখ।

রবীন্দ্রনাথ ঠাকুর মহাবিদ্যালয়ের সাংস্কৃতিক কমিটির উদ্যোগে আজ কলেজে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানে মরমী কবি ও লেখিকা ভবানী বিশ্বাসকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। উপস্থিত ছিলেন মহাবিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষা বিজলী ভৌমিক, শিক্ষক সংসদের সম্পাদিকা লিপিকা দেববর্মন প্রমুখ।

উদয়পুর রাজর্ষি কলাক্ষেত্রে গোমতি জেলাভিত্তিক আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্বোধন করেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার। বক্তব্য রাখেন রাজ্য সরকারের বিদ্যাসাগর পুরস্কারপ্রাপ্ত বিশিষ্ট শিক্ষাবিদ ডঃ হরেকৃষ্ণ আচার্য্য, বিশিষ্ট শিক্ষাবিদ মনোজিৎ ধর, জেলা শিক্ষা আধিকারিক বিকাশ নাথ প্রমুখ।

দক্ষিন জেলায়ও আজ উৎসবের মেজাজে পালিত হয়েছে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। সকালে বিলোনিয়া শহরে বিলোনিয়া প্রেস ক্লাব ও তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে হয় ভাষা শহীদ স্মারকে শ্রদ্ধাজ্ঞাপন, দুপুরে বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র মহাবিদ্যালয়ে অনুষ্ঠিত বাংলা ভাষা ও সাহিত্যের সামগ্রিক গতি প্রকৃতি শীর্ষক আলোচনাচক্র। সংস্কৃতি সমন্বয় কেন্দ্রের বিলোনিয়া মহকুমা কমিটির উদ্যোগে ভাষা শহীদ স্মরণ অনুষ্ঠানে ভাষা শহীদদের শ্রদ্ধা জানান বিধায়ক দীপংকর সেন, অশোক কুমার মিত্র, প্রাক্তন বিধায়ক বাসুদেব মজুমদার প্রমুখ।

শ্রদ্ধাজ্ঞাপন শেষে বিলোনিয়া শহরে হয় শোভাযাত্রা। দক্ষিণ জেলার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে মাতৃভাষা দিবস উদযাপন করা হয়। হয়েছে ভাষা দিবসের অনুষ্ঠান।

সাব্রুমের মাইকেল মধুসূদন দত্ত কলেজের বাংলা ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের যৌথ উদ্যোগে মাতৃভাষা দিবস উদযাপন করা হয়। উপস্থিত ছিলেন ধামাদ্বিপা বুদ্ধিষ্ট ইউনিভার্সিটির বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ড. মৃণাল কান্তি নাথ, কলেজের অধ্যক্ষ ড. অনুপম গুহ প্রমুখ। সাব্রুম প্রেস ক্লাবের উদ্যোগেও ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করা হয়।

আজ আগরতলাস্থিত বাংলাদেশ সহকারি হাইকমিশন অফিসেও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করা হয়। এরপর শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন সহকারি হাইকমিশনার আরিফ মোহম্মদ ও অন্যান্যরা।

******************************

**Blood Donation :**

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে আজ আগরতলায় আয়কর দপ্তরের উদ্যোগে স্বেচ্ছা রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উদ্বোধন করেন আয়কর দপ্তরের ডেপুটি কমিশনার রূপক কান্তি ভট্টাচার্য। শিবিরে মোট ৫৪ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

***************************

**CPIM-Khowai :**

ডি ওয়াই এফ আই রাজ্য কমিটির দু'দিনব্যাপী বিশেষ বর্ধিত অধিবেশন আজ থেকে খোয়াইয়ে টি জি টি এ এইচ বি রোড-এর বিভাগীয় কার্যালয়ে শুরু হয়েছে। এই অধিবেশন শুরুর আগে শিক্ষক ভবনের সামনে ভাষা দিবসের ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন সি পি আই(এম)-এর রাজ্য কমিটির সম্পাদক, বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরী সহ অন্যান্য নেতৃবৃন্দ।

****************************

**Press Meet-Agri Minister :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৪শে ফেব্রুয়ারী বিহারের ভাগলপুরে কৃষক সম্মান সমারোহের মাধ্যমে দেশের ৯ কোটি ৭০ লক্ষ কৃষককে কৃষক সম্মান নিধির ১৯তম কিস্তিতে ডিবিটি মারফত ২২ হাজার কোটি টাকা প্রদান করবেন। এই অনুষ্ঠানের মাধ্যমে ত্রিপুরার ২ লক্ষ ৭৭ হাজার ৯৭০ জন কৃষকের একাউন্টে ৫০ কোটি ৭৬ লক্ষ টাকারও বেশি টাকা প্রদান করা হবে। কৃষিমন্ত্রী রতনলাল নাথ আজ সন্ধ্যায় মহাকরনে সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, রাজ্যে এ পর্যন্ত কিষান সম্মান নিধির ১৮তম কিস্তি পর্যন্ত কৃষকদের ৭১৯ কোটি ৭৫ লক্ষ ৮২ হাজার টাকা দেওয়া হয়েছে।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

********************************

**PM-SOUL :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে ভারত বিশ্বব্যাপী শক্তিধর হিসেবে আবির্ভূত হচ্ছে, তাই দেশের প্রতিটি ক্ষেত্রেই উদ্যমী নেতাদের প্রয়োজন। তিনি বলেন, দেশের এমন বিশ্বমানের নেতাদের প্রয়োজন যারা প্রবণতা নির্ধারণ করতে পারবেন এবং বৈশ্বিক জটিলতার সমাধান খুঁজে বের করতে পারবেন। প্রধানমন্ত্রী আজ নতুন দিল্লির ভারত মণ্ডপমে স্কুল অফ আল্টিমেট লিডারশিপ, কনক্লেভের প্রথম পর্বের উদ্বোধন করে একথা বলেন। তিনি বলেন, ভাল নেতৃত্বের বিকাশ অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং তা সময়ের প্রয়োজনেই। তাই স্কুল অফ আল্টিমেট লিডারশিপ বা সোল প্রতিষ্ঠা বিকশিত ভারতের উন্নয়ন যাত্রায় একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং বড় পদক্ষেপ।

######Byte-PM-SOUL#######

******************************

**New Criminal Law :**

নতুন তিন ফৌজদারী আইন The Bharatiya Nyaya Sanhita, 2023, The Bharatiya Nagarik Suraksha Sanhita, 2023 এবং The Bharatiya Sakshya Adhiniyam, 2023 নিয়ে আজ সচিবালয়ে এক বৈঠক

অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন মুখ্য সচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহা নির্দেশক অমিতাভ রঞ্জন, স্বরাষ্ট্র দপ্তরের সচিব প্রদীপ কুমার চক্রবর্তী, অতিরিক্ত পুলিশ মহা নির্দেশক অনুরাগ, আইন সচিব সঞ্জয় ভট্টাচার্য প্রমুখ। বৈঠকে জানানো হয়, নতুন তিন ফৌজদারি আইন বিষয়ে ইতিমধ্যেই ১০৬ জন জুডিশিয়াল অফিসার, ১২৫ জন সরকারি আইনজীবী, চিকিৎসক সহ সংশ্লিষ্ট সবাইকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। পুলিশ এবং রাজ্য আইন সেবা দফতরের উদ্যোগে আলাদাভাবে নতুন তিন ফৌজদারি আইন সম্পর্কে সাধারণ নাগরিকদের সচেতন করা হয়েছে। বৈঠকে আরো জানানো হয়, নতুন তিন ফৌজদারী আইনে রাজ্যে এখন পর্যন্ত ১৮৫৮টি মামলা আদালতে পাঠানো হয়েছে।

****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ২৩শে ফেব্রুয়ারী রবিবার সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১১৯তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

********************************

**PM Surya Ghar Muft Bijli Yojana :**

ত্রিপুরা বিদ্যুৎ নিগম ও ত্রিপুরা শহুরী জীবিকা মিশন-এর সহযোগিতায় আগরতলা পুর নিগমের সেন্ট্রাল জোনের উদ্যোগে আজ নিগমের প্রধান কার্যালয়ে প্রধানমন্ত্রী সূর্যঘর মুফত বিজলি যোজনা নিয়ে জনসচেতনতা ও

নিবন্ধীকরন শিবির অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন নিগমের মেয়র দীপক মজুমদার।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৮ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৮ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।

****************************